

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone : (202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

## **PRESS RELEASE**

21 March 2013

### **Bangladesh Embassy condoles the demise of President Zillur Rahman**

The Embassy of Bangladesh in Washington DC commiserated the demise of Hon'ble President Mr. Muhammad Zillur Rahman with deep shock and sorrow. In a condolence message, H E Ambassador Mr. Akramul Qader expressed that, this demise ends the era of a political legacy characterized by political acumen, immaculate judgment, courage and resilience, leaving the country and people of Bangladesh at an irreparable loss.

H E Ambassador, in his message, reminisced his long and illustrious political career that started in 1950s under the blessings and guidance of the Father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman. Muhammad Zillur Rahman has contributed immensely in the formation of our political identity as a democratic and liberal nation. He had been an active member of the valiants who fought for language in 1952, led the movement against military regime in 1962, carried out the six-point movement in 1966 and mass-upsurge in 1969. In 1971, he played prominent role in organizing our war of liberation. Mr. Zillur Rahman continued his struggle for democracy and democratic rights of the people of the country in the post-75 period and played leading role whenever the people of Bangladesh were thrown into the movements for restoration of democracy.

Ambassador Qader, on behalf of the Embassy, prayed for eternal peace of the departed soul of Muhammad Zillur Rahman and conveyed to his family and beloved ones profound sympathy for the loss.

---

Swapan Kumar Saha, Minister (Press), Embassy of Bangladesh, Washington DC 20008, Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail [bdoot\\_pwash@yahoo.com](mailto:bdoot_pwash@yahoo.com)

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone : (202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

## প্রেস বিজ্ঞপ্তি

২১ মার্চ ২০১৩

### মহামান্য রাষ্ট্রপতি মুহাম্মাদ জিল্লুর রহমানের মৃত্যুতে বাংলাদেশ দূতাবাসের শোক প্রকাশ

যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডি সি-তে অবস্থিত বাংলাদেশ দূতাবাস মহামান্য রাষ্ট্রপতি মুহাম্মাদ জিল্লুর রহমানের মৃত্যুতে গভীর দুঃখ ও শোক প্রকাশ করেছে। মান্যবর রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের কর্তৃক স্বাক্ষরিত এক শোক-বার্তায় বলা হয়, এই মৃত্যুতে একটি বিশাল রাজনৈতিক অধ্যায়ের পরিসমাপ্তি ঘটলো যা ছিল প্রজ্ঞাময়, নির্ভুলভাবে বিচক্ষণ, দৃঢ় এবং সাহসিকতাপূর্ণ। এই মৃত্যু নিঃসন্দেহে দেশ ও জাতির জন্য এক অপূরণীয় ক্ষতি বয়ে এনেছে।

রাষ্ট্রদূত কাদের তাঁর শোক-বার্তায় জনাব জিল্লুর রহমানের দীর্ঘ ও ঘটনাবলুল রাজনৈতিক জীবনের স্মৃতিচারণ করে উল্লেখ করেন, তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আশীর্বাদ ও দিকনির্দেশনায় ১৯৫০ সালের দিকে রাজনৈতিক অঙ্গনে পদার্পণ করেন। একটি গণতান্ত্রিক এবং উদারপন্থী জাতি হিসেবে বাংলাদেশকে প্রতিষ্ঠিত করার ক্ষেত্রে তিনি বিশেষ অবদান রেখেছেন। ১৯৫২ সালের ভাষা আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা থেকে শুরু করে তিনি ১৯৬২ সালে সামরিক শাসনের বিরুদ্ধে সংগ্রাম, ১৯৬৬ সালের ছয়-দফা আন্দোলন এবং ১৯৬৯ সালের গণবিপ্লবে অংশ নিয়েছেন। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় তিনি গুরুত্বপূর্ণ সাংগঠনিক ভূমিকা পালন করেন। স্বাধীনতার পর '৭৫-পরবর্তী কালে তিনি গণতন্ত্র ও জনগণের গণতান্ত্রিক অধিকার আদায়ে তাঁর আন্দোলন অব্যাহত রাখেন এবং বিভিন্ন সময় এদেশের গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনে নেতৃত্ব প্রদান করেন।

সবশেষে রাষ্ট্রদূত জনাব কাদের রাষ্ট্রপতি জনাব মুহাম্মাদ জিল্লুর রহমানের বিদেহী আত্মার মাগফেরাতের জন্য সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা করেন এবং তাঁর পরিবার ও প্রিয়জনদের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন।

---

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি, ফোনঃ ২০২-২৪৪-৫০৭১,  
ফ্যাক্সঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০, ইমেইলঃ [bdoot\\_pwash@yahoo.com](mailto:bdoot_pwash@yahoo.com)